

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮.৩.৭. উপদেশের মধ্যে অশালীন বর্ণনা কি খুবই জরুরি?

বাইবেলে অনেক স্থানে পাপ থেকে সতর্ক করতে পাপের এমন বর্ণনা দেওয়া হয়েছে যা বাহ্যত অশোভন। যেমন ব্যভিচার থেকে সতর্ক করতে উলঙ্গতা ও স্তন্যুগলের বর্ণনা: "তোমরা বিবাদ কর, তোমাদের মাতার সহিত বিবাদ কর, কেননা সে আমার স্ত্রী নয়, এবং আমিও তাহার স্বামী নই; সে আপনার দৃষ্টি হইতে আপন বেশ্যাচার, এবং আপনার স্তন্যুগলের মধ্য হইতে আপন ব্যভিচার দূর করুক। নতুবা আমি তাহাকে বিবস্ত্রা করিব, সে জন্মদিনে যেমন ছিল, তেমনি করিয়া রাখিব।" মো.-০৬: "তোমাদের মাকে বকুনি দাও, বকুনি দাও তাকে, কারণ সে আমার স্ত্রী নয় এবং আমিও তার স্বামী নই। সে তার চোখের চাহনি থেকে বেশ্যাগিরি ও তার বুক থেকে জেনা দূর করুক। তা না হলে আমি তাকে উলংগ করে দেব এবং সে তার জন্মের দিনে যেমন উলংগ ছিল তেমনি করব।" (হোসিয়া ২/২-৩)

বিভিন্ন প্রসঙ্গে নগ্নতা, উলঙ্গতা বা নগ্ন নারীদেহের বর্ণনা বাইবেলে ব্যাপক।

খারাপ মেয়েদের থেকে দূরে থাকার উপদেশ দিয়ে বাইবেল বলছে: "যুবকদের মধ্যে আমি এমন একজন যুবককে লক্ষ্য করলাম যার বুদ্ধির অভাব ছিল। সে সেই স্ত্রীলোকের বাড়ীর কাছের রাস্তা দিয়ে যাচ্ছিল, তারপর সে তার বাড়ীর দিকের গলিতে গিয়ে ঢুকল; তখন দিনের আলো যাবার পর সন্ধ্যা হয়ে রাতের গভীর অন্ধকার নেমে এসেছিল। সেই সময় একজন স্ত্রীলোক তার সাথে দেখা করতে বের হয়ে আসল; তার পরনে বেশ্যার পোশাক, আর তার অন্তর ছিল বেদনায় ভরা। সে বিপথে যাওয়া স্ত্রীলোক, জারে জারে কথা বলে, তার পা কখনও ঘরে থাকে না; কখনও রাস্তায়, কখন বাজারে, প্রত্যেকটি মোড়ে সে ওৎ পেতে থাকে। সে সেই যুবককে ধরে চুমু দিল আর বেহায়া মুখে বলল, 'আমার ঘরে যোগাযোগ-কোরবানীর মাংস আছে, আজকেই আমি মানত পূরণ করেছি। তাই আমি তোমার সংগে দেখা করবার জন্য বের হয়ে এসেছি; আমি তোমার তালাশ করে তোমাকে পেয়েছি। মিসর দেশের বিভিন্ন রংয়ের কাপড়ের তৈরী চাদর দিয়ে আমি বিছানা ঢেকেছি; গন্ধরস, অগুরু আর দারচিনি দিয়ে আমার বিছানা সুগন্ধযুক্ত করেছি। এস, আমরা সকাল পর্যন্ত দেহ-ভোগে মেতে থাকি (কেরি: কামরসে মন্ত থাকি), গভীর ভালবাসার মধ্যে আনন্দ ভোগ করি। আমার স্বামী বাড়ীতে নেই, তিনি দূরে যাত্রা করেছেন; তিনি থলে ভরে টাকা নিয়েছেন, পূর্ণিমার আগে ঘরে ফিরবেন না।" (মেসাল/ হিতোপদেশ ৭/৭-২০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14513

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন